গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-১)- ৮৩২

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৯
২৯ নভেম্বর ২০২২খ্রি.

বিষয় : ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণপূর্বক অনলাইন চালানে প্রাপ্তি স্বীকার।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২২.২২৪৫, তারিখ:২২.১১.২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণের ০১ কর্মদিবসের মধ্যে অনলাইন (www.textbook.gov.bd/brs) লিংকে প্রবেশ করে এনসিটিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করে চালান অনুমোদন দিতে হবে। চাহিদা ইনপুট/ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত কোনো ধরণের সমস্যা হলে এপ্লিকেশনের জরুরি যোগাযোগ লিংক এ ক্লিক করে দায়িত্বপ্রাপ্ত এনসিটিবির সহায়তাকারীর সহায়তা নেওয়া এবং চাহিদা আপলোডের জন্য অনলাইনের ব্যবহার নির্দেশিকা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: ০১ পাতা।

জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

২৯.১১.২০২২
(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যাম, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৫। সংরক্ষণ নথি।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

পত্র নং: ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২২. ২২৪৫ তারিখ: ২২/১১/২০২২ খ্রি.

**বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণপূর্বক অনলাইন চালানে প্রাপ্তি স্বীকার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে অবগত করা যাচ্ছে যে, দেশের সকল শিক্ষার্থীর মাঝে ২০২৩ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণপূর্বক ১ জানুয়ারি সরবরাহের বিষয়টি সরকারের একটি অগ্রাধিকারভুক্ত ও জনগুরুত্বপূর্ণ কার্যক্রম। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয়ের সার্বক্ষণিক তত্ত্বাবধানে এনিসিটিবি দেশের সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে পাঠ্যপুস্তক সরবরাহ নিশ্চিত করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও সরকারের অঙ্গীকার বাস্তায়নে প্রতি শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক গ্রহণ, সংরক্ষণ ও শিক্ষার্থীদের হাতে পৌঁছানো পর্যন্ত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) এর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস সহোযোগীতা প্রদান করে থাকে। প্রতি শিক্ষাবর্ষে সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস পাঠ্যপুস্তক গ্রহণ করে অনলাইনে প্রাপ্তি স্বীকার করে। তারই ধারাবাহিকতায় ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণের ০১ কর্মদিবসের মধ্যে অনলাইন (www.textbook.gov.bd/brs) লিংকে প্রবেশ করে এনসিটিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করে চালান অনুমোদন দেওয়ার জন্য জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চাহিদা ইনপুট/ ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত কোনো ধরনের সমস্যা হলে এপ্লিকেশনের জরুরি যোগাযোগ লিংক এ ক্লিক করে দায়িত্বপ্রাপ্ত এনসিটিবির সহায়তাকারীর সহায়তা নেওয়ার অনুরোধ করা হলো। এছাড়া চাহিদা আপলোডের জন্য অনলাইনের ব্যবহার নির্দেশিকা অনুসরণের অনুরোধ করা হলো।

(প্রফেসর মো: ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান, এনসিটিবি
ফোন: ২২৩৩-৮৫৪৩২
ই-মেইল: chairman@nctb.gov.bd

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)
১৬, আব্দুল গণি রোড, বাংলাদেশ, ঢাকা-১০০০।

পত্র নং: ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২২. ২২৪৫(০১)/১৪ তারিখ: ২২/১১/২০২২ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)
২-৫. সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৬. সচিব, এনসিটিবি
৭. বিতরণ নিয়ন্ত্রক/প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, এনসিটিবি
৯-১০. উপ-পরিচালক (আঞ্চলিক) - (সকল) [জেলা শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১১ প্রোগ্রামার, এনসিটিবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল) [উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১৩ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
১৪ পিএটু চেয়ারম্যান, এনসিটিবি

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
বিতরণ নিয়ন্ত্রক, এনসিটিবি
ফোন: ২২৩৩-৮৯০৩২
ই-মেইল: distcontroller@nctb.gov.bd

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং............... তারিখ ...............
উপপরিচালক (মাধ্যঃ/বিঃ)
সহঃ পরিচালক (১/২/কলেজ-১)
পরিচালক (মাধ্যমিক)